দৈনিক
ইত্তেফাক

তারিখ . 07 NOV 2015
পৃষ্ঠা ৪ কলাম ৫

# মেধাবী শিক্ষার্থীদেরকে ইস্টার্ন ইউনিভার্সিটির শিক্ষাবৃত্তি প্রদান

ইস্টার্ন ইউনিভার্সিটি (ইইউ) এবছর কৃতী শিক্ষার্থীদের বৃত্তি প্রদান করেছে। প্রতিবছর মেধাবী ও নিম্নবিত্ত শিক্ষার্থীদের মাঝে নিজ তহবিল থেকে এই অর্থ প্রদান করে থাকেন বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের সদস্যবৃন্দ। প্রতিষ্ঠার পর থেকে এ পর্যন্ত ইস্টার্ন ইউনিভার্সিটি ৩৫ কোটিরও অধিক টাকা শিক্ষাবৃত্তি এবং আর্থিক সাহায্য প্রদান করেছে।

সম্প্রতি এই আয়োজনে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান আবুল খায়ের চৌধুরী। ইইউ'র উপাচার্য অধ্যাপক ড. আবদুর রব এর সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের সদস্য মোহাম্মদ আলী আজম, উপ-উপাচার্য অধ্যাপক ড. আব্দুল হান্নান চৌধুরী প্রমুখ। এবছর মোট, ২৯ জন শিক্ষার্থীকে শিক্ষাবৃত্তি দেয়া হয়।